দৈনিক জনকণ্ঠ

তারিখ 12 JUN 2017 পৃষ্ঠা ৫ কলাম ৭

# শিক্ষক-শিক্ষার্থীদের নিয়ে 'ড্রামা ইন এডুকেশন ওয়ার্কশপ'

**সংস্কৃতি ডেস্ক ।** জাতীয় নাট্যশালার ১ ও ২ নং মহড়া কক্ষে শনিবার সকালে পিপলস থিয়েটার এ্যাসোসিয়েশনের আয়োজনে শ্রেণীকক্ষে পাঠদান আনন্দময় ও সৃজনশীল করার লক্ষ্যে শিক্ষক-শিক্ষার্থীদের নিয়ে শুরু হলো 'ড্রামা ইন এডুকেশন ওয়ার্কশপ।' বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় এই ড্রামা ইন এডুকেশন ওয়ার্কশপে অংশ নেবেন করেন ২০টি শিক্ষা প্রতিষ্ঠানের ৪০ জন শিক্ষক প্রতিনিধি ও ৪০ জন শিক্ষার্থী প্রতিনিধি। ড্রামা ইন এডুকেশন ওয়ার্কশপে মুখ্য প্রশিক্ষক হিসেবে ছিলেন, বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক ও পিপলস থিয়েটার এ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা, শিশুবন্ধু লিয়াকত আলী লাকী। বিগত ২৭ বছর যাবত পিপলস থিয়েটার এ্যাসোসিয়েশন শিশু-কিশোর ও যুবনাট্য আন্দোলন পরিচালনা করে আসছে। বর্তমানে সারাদেশের প্রায় ২৫০টি শিশু-কিশোর ও যুবনাট্য সংগঠন এই এ্যাসোসিয়েশনের অন্তর্ভুক্ত। ১৯৯৫ সাল থেকে জাতীয় শিশু-কিশোর নাট্যোৎসব ও যুব নাট্যোৎসব আয়োজন শুরু করে ইতোমধ্যে ৫টি যুব নাট্যোৎসব ও ১৩টি শিশু-কিশোর নাট্যোৎসব আয়োজন সফলভাবে সম্পন্ন করে। দেশের শিশুনাট্য ও যুবনাট্য আন্দোলনকে বেগবান করার পাশাপাশি বাংলাদেশের সংস্কৃতি বিশেষ করে শিশু নাটককে আন্তর্জাতিক অঙ্গনে সুপ্রতিষ্ঠিত করার ক্ষেত্রে পিটিএ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। পিটিএভুক্ত দলগুলো জার্মানি, জাপান, রাশিয়া, ক্রোয়েশিয়া, যুক্তরাজ্য, কিউবা, তুরস্ক, ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশের ৮৫টি আন্তর্জাতিক উৎসবে অংশগ্রহণ করেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...
তারিখ...

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর